জীবননগরে আওয়ামী লীগের বর্ধিত সভা

জীবননগর বাকা ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে বাকা ইউনিয়ন পরিষদের সামনে বাকা ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজার সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এ সময় প্রধান অতিথি বলেন, দলকে সু-সংগঠিত করতে হলে দলের সকলে একত্র হয়ে কাজ করতে হবে। দলের বাইরে যেয়ে কেউ কোন কাজ করতে পারবে না। আগামীতে জননেন্ত্রী শেখ হাসিনা যাকে প্রার্থীতা ঘোষণা করবেন আমরা সবাই তার সাথে কাজ করবো এবং নৌকাকে বিজয় করবো এমন শপথ নিয়ে আমাদের সকলে কাজ করতে হবে। কিছু কু-চক্রি মহল আছে যারা নিজেদের স্বার্থ হাসিলের জন্য দলের নেতাকর্মীদের মধ্যে একটি বিভেদ করার চেষ্ঠা করবে সে দিকে আমাদের সকলকে সজাগ হতে হবে।

জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক ও জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম, সাংগাঠনিক সম্পাদক রফিকুল ইসলাম, পারকৃষ্ণ-মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম, বাকা ইউপি চেয়ারম্যান আঃ কাদের প্রধানসহ বিভিন্ন স্থানের আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীগণ উপস্থিত ছিলেন ।

[redacted]

[redacted]

[redacted]

গতকাল রবিবার বেলা ১২ টার দিকে মোনাকষা গ্রাম থেকে তাকে আটক করে।

আটকৃত ব্যক্তি কালিদাসপুর ইউনিয়নের মোনাকষা গ্রামের আফাজ উদ্দিনের ছেলে জিয়ারুল হক।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের মোনাকষা গ্রামের আফাজ উদ্দিনের ছেলে জিয়ারুলের সাথে রুবেলের ব্যবসায়ীক লেনাদেনা চলছি।

এরই মাঝে জিয়ারুলের নিকট রুবেল ৩ লক্ষ টাকা পাওনা থাকে। পাওয়া টাকার বিপরীতে রুবেলকে ব্যাংকের চেক প্রদান করে। কিন্তু, রুবেল ব্যাংকে টাকা তুলতে গেলে সে উঠাতে না পেরে পরবর্তীতে কোর্টে চেক ডিজঅনার মামলা দায়ের করেন। মামলা চলমান থাকলেও জিয়ারুলের অনুপস্থিত হওয়ার কারণে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে কোর্ট।

এ আদেশের ভিত্তিতে গতকাল রবিবার বিকেল ১২ টার দিকে জিয়ারুলকে মোনাকষা বাজারে তার ব্যবসায়ী প্রতিষ্ঠান থেকে আটক করে। গতকাল রবিবার সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করে পুলিশ।

চুয়াডাঙ্গা ভিমরুল্লা স্পোর্টিং ক্লাবের ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পৌরসভার ভিমরুল্লা গ্রামের জেলখানার মাঠে ভিমরুল স্পোর্টিং ক্লাবের উদ্যোগে ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা ও বিজয় খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৪ টার সময় উক্ত খেলায় অংশ গ্রহণ করে উজিরপুর একাদশ ও মোহন একাদশ চুয়াডাঙ্গা। খেলায় চ্যাম্পিয়ন হয় উজিরপুর একাদশ এবং রানার্সআপ হয় মোহন একাদশ।

উক্ত ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট (নেজারত, ট্রেজারি এবং গোপনীয় শাখা) আমজাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ হযরত আলী, এছাড়া আরো উপস্থিত ছিলেন এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে মানববন্ধন

জীবননগরের আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মমতাজ আহাম্মেদ তাজের হাত থেকে আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যামিক বিদ্যালয় বাঁচানোর দাবীতে প্রতিবাদ, বিক্ষভ ও মানববন্ধন করেছেন আন্দুলবাড়ীয়া ছাত্র সংগ্রাম পরিষদ।

জানা গেছে আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা নাসিমা খাতুনের কু-প্রস্তাব দেওয়ার কারণে মমতাজ আহাম্মেদ তাজের বিরুদ্ধে প্রতিবাদী বিক্ষভ ও মানববন্ধন করা হয়েছে।

আন্দুলবাড়ীয়ার সুনাম ধন্য শিক্ষা প্রতিষ্ঠান অযোগ্য প্রধান শিক্ষক মমতাজ আহাম্মেদ তাজের হাত থেকে বাচাঁনোর দাবিতে এলাকার সুশিল সমাজ, রাজনৈতিক ব্যক্তিবর্গ অভিভাবক, ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত হয়ে মমতাজ আহাম্মেদ তাজের বিরুদ্ধে প্রতিবাদ বিক্ষোভ ও মানববন্ধন করেন।

উক্ত মানববন্ধনে বক্তারা আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান ফটকের সামনে দাঁড়িয়ে মানববন্ধন পালন করেন। এই মানববন্ধনের আগামী ৩১ তারিখের মধ্যে ৯ দফা দাবী দেয়া হয়েছে।

বক্তারা বলেন প্রধান শিক্ষক মমতাজ আহমেদ তাজের হাত থেকে আমাদের সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান রক্ষা করতে হবে।

বক্তারা আরো বলেন বাংলাদেশ সাবেক নির্বাচন কমিশনার এই প্রতিষ্ঠানের শিক্ষা অর্জন করে বাংলাদেশের গুরুত্বপূর্ণ জায়গায় দায়িত্ব পালন করার সুযোগ পেয়েছেন। বক্তারা ম্যানেজিং কমিটিকে উদ্দেশ্য করে বলেন আপনারা ঠিকভাবে প্রতিষ্ঠানটি পরিচালনা করুন না হলে কমিটির বিরুদ্ধে আমরা আগামীতে পদক্ষেপ নিতে বাধ্য হবো।

উক্ত প্রতিবাদ ও মানববন্ধনে বক্তব্য প্রদান করেন মির্জা হাবিবুর রহমান লিট, আলতাফ হোসেন ফেলা, মনিরুজ্জামান মুক্ত, রকিবুল ইসলাম(রুবেল,) হাসিবুল ইসলাম ও মোঃ ইন্নাল হোসেন। মানববন্ধন পরিচালনা করেন মোঃ রমজান বিশ্বাস।

আলমডাঙ্গায় রাস্তার প্রাইভেট ঢুকলো মোবাইলের দোকানে

আলমডাঙ্গা শহরে নিয়ন্ত্রণ হারিয়ে প্রাইভেট গাড়ি মোবাইলের দোকানে প্রবেশ করে । প্রাইভেট গাড়ির ধাক্কায় মোবাইলের দোকানের ডেকোরেশনসহ বিভিন্ন মালামাল ভেঙ্গে তছরুপ হয়। এ ঘটনায় দোকানে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে মিডিয়া ওয়াল্ডের মালিক শরিফ হোসেন জানান।

জানা গেছে, উপজেলার হারদি ইউনিয়ন আওয়ামী লীগের নেতার প্রাইভেট কার তার ভাগ্নে চালিয়ে আলমডাঙ্গা শহরে যায়।

ব্যস্ততম শহরের রাস্তার দারুস সালাম রোডের হয়ে শহরের মেইন রাস্তায় উঠতে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে দ্রুত গতিতে উঠে যায় মিডিয়া ওয়াল্ড নামের মোবাইলের দোকানে।

এ ঘটনায় মোবাইলের দোকানের মালিকসহ কর্মচারী আহত হয়। এ ঘটনায় মোবাইলের দোকানে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলমডাঙ্গার মুন্সিগঞ্জ ভূমি অফিসের কম্পিউটার অপারেটর মামুনের বিরুদ্ধে ঘুষ বাণিজ্যের অভিযোগ

আলমডাঙ্গার মুন্সিগঞ্জ ভূমি অফিসের কম্পিউটার অপারেটর মামুনের বিরুদ্ধে খারিজের টাকা ফেরৎ চাওয়ায় মারপিটের অভিযোগ উঠেছে।

মারধরের ঘটনাটি গতকাল শনিবার বিকেল ৪ টার দিকে পৌর এলাকার সোহাগ মোড়ে ঘটেছে।

এ মারপিটের ঘটনায় আপোশ-মীমাংসার জন্য তৎপর হয়ে পড়েছে কম্পিউটার অপারেটর মামুন। আজ রবিবার সন্ধ্যায় মীমাংসা হবে বলে জানা গেছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর গ্রামের মামুন দীর্ঘদিন যাবৎ মুন্সিগঞ্জ ভূমি অফিসে কম্পিউটার অপারেটর হিসেবে কর্মরত আছে।

এ সুযোগে জমি খারিজের নামে কম্পিউটার অপারেটর মামুন গত ২ বছর পূর্বে এনায়েতপুর গ্রামের মনিরুদ্দিনের ছেলে আব্বাসের নিকট থেকে ১৪ হাজার টাকা নেয়।

গত ২ বছর পার হলেও আব্বাসে জমি খারিজ করতে অপারগতা স্বীকার করে মামুন। কিন্তু জমি খারিজ না করতে পারলেও ১৪ হাজার টাকাও আব্বাস ফেরৎ দেয় না।

বিভিন্ন সময় আব্বাস মুন্সিগঞ্জ ভূমি অফিসে গিয়ে তার টাকা ফেরৎ চাইলেও তাকে টাকা ফেরৎ দিবে দীর্ঘদিন আশ্বস্ত দেয়। ইতোমধ্যে কম্পিউটার অপারেটর মামুনের সাথে আব্বাস যোগাযোগ করার চেষ্টা করলে তা বৃথা হয়।

গতকাল শনিবার বিকেল ৪ টার দিকে আব্বাস এনায়েতপুর থেকে আলমডাঙ্গা বাজারে আসছিলো। চলন্ত অবস্থায় পৌর এলাকার সোহাগ মোড়ে মামুনের

ভাড়া বাড়ির সামনে দেখা হয়।
আব্বাস মামুনের কাছে খারিজের টাকা ফেরৎ চায়। এ সময় তাদের দুজনের মধ্যে বাকবিতণ্ডার সৃষ্টি হয়। এক পর্যায়ে মামুন ক্ষিপ্ত হয়ে আব্বাসকে গায়ের সার্টের কলার ধরে তার বাড়ির মধ্যে নিয়ে বেধরক মারপিট করে।

এ ঘটনায় এলাকাবাসীর উপস্থিতে মারামারি ঠেকিয়ে দেয়। এই ঘটনায় আপোশ-মীমাংসার জন্য বিভিন্ন স্থানে দৌড়ঝাঁপ শুরু করে কম্পিউটার অপারেটর মামুন। আজ সন্ধ্যায় মীমাংসা হবার সম্ভবনা আছে বলে সূত্র জানায়।

আলমডাঙ্গায় মুজিববর্ষে ৫০ ভূমিহীন পরিবারকে জমির দলিল ও ঘর হস্তান্তর

‘কখনও ভাবিনি নিজের নামে এক টুকরো জমি হবে। ভেবেছিলাম স্বামী- সন্তানের সংসার নিয়ে এভাবেই একদিন চলে যাব।

কিন্তু জীবনের শেষ সময়ে এসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া জায়গা ও ঘরের মালিক হবো এটা ভাবতেই খুশি লাগে। এমনটাই জানান ভূমিহীন ব্যক্তিরা।

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়াল মাধ্যমে সারাদেশে ভূমিহীন ব্যক্তিদের নিকট জেলা ও উপজেলা প্রশাসনকে নির্দেশ দেয় জমি ও ঘর হস্তান্তরের।
এরপরই আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ৫০ টি ভূমিহীন ব্যক্তিদের নিকট জমির দলিল ও ঘর হস্তান্তর কার্যক্রম চলে।

অনুষ্টানে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলির সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী

কমিশনার ভূমি হুমায়নকবির, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার।

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হরকের উপস্থাপনায়, অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি অফিসার হোসেন শহীদ সোহরোয়ার্দি, প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকছুরা জান্নাত, বিআরডিবি কর্মকর্তা সায়লা শারমীন, সমবায় কর্মকর্তা মজিবর রহমান, মৎস সম্প্রসারণ করামকর্তা আব্দুল মালেক, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, প্রেস ক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, কাউছার আহম্মদ বাবলু, নুরুল ইসলাম নুরু, নজরুল ইসলাম, মাসুদ পারভেজ, মোস্তাফিজুর রহমান, আবুল কালাম আজাদ, আবু সাইদ পিন্টু, তরিকুল ইসলামসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান বৃন্দ।